## অধ্যায় ঃ মা'আকিল বা দিয়ত–৪৯৫

## অধ্যায় ঃ অসিয়ত–৫১১


| শিরোনাম | | | পৃষ্ঠা |
|---|---|---|---|
| অনুচ্ছেদ | | ঃ অসিয়তের বিবরণ, বৈধ অসিয়ত, এবং প্রত্যাহার | ৫১৩ |
| অনুচ্ছেদ | | ঃ এক তৃতীয়াংশ মালের অসিয়ত | ৫২৫ |
| | পরিচ্ছেদ | ঃ অসিয়তের অবস্থা বিবেচনা প্রসঙ্গে | ৫৪১ |
| অনুচ্ছেদ | | ঃ মৃত্যু রোগ অবস্থায় মুক্তিদান | ৫৪৪ |
| | পরিচ্ছেদ | ঃ | ৫৪৯ |
| অনুচ্ছেদ | | ঃ নিকটাত্মীয় এবং অন্যান্যদের নামে অসিয়ত | ৫৫২ |
| অনুচ্ছেদ | | ঃ বাড়ীতে বসবাসের, গোলামের সেবা গ্রহণের এবং | ৫৬০ |
| অনুচ্ছেদ | | ঃ যিম্মীর অসিয়ত | ৫৬৭ |
| | পরিচ্ছেদ | ঃ সাক্ষ্য প্রসঙ্গ | ৫৮৪ |


## অধ্যায় ঃ নপুংষক প্রসঙ্গ–৫৮৯


| | | |
|---|---|---|
| পরিচ্ছেদ | ঃ নপুংষক-এর পরিচয় | ৫৮৯ |
| পরিচ্ছেদ | ঃ খুনছা-এর বিধান প্রসঙ্গে | ৫৯০ |


## বিবিধ মাসআলা-৫৯৫

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

# كِتَابُ الشُّفْعَةِ

# অধ্যায় ঃ শুফ্‘আ

শুফ্‘আ (شُفْعَةٌ) শব্দটি শাফ্উন (شَفْعٌ) ধাতু হতে নির্গত। এর আভিধানিক অর্থ সংলগ্ন হওয়া, মিলিত হওয়া। একে শুফ্‘আ বলে এ জন্য নামকরণ করা হয়েছে যে, এতেও ক্রয়কৃত জমি শফী‘ (شَفِيْعٌ)-এর জমির সংলগ্ন হয়ে থাকে।[১]

ইমাম কুদূরী (র) বলেন ঃ বিক্রীত বস্তুর মূলে (نَفْسُ الْمَبِيْعِ) অংশীদার ব্যক্তির জন্য শুফ্‘আ সাব্যস্ত হবে। তারপর বিক্রীত বস্তুর হকের মধ্যে (حَقُّ الْمَبِيْعِ) যেমন পানির নালা ও রাস্তায় অংশীদার ব্যক্তির জন্য (শুফ্‘আ সাব্যস্ত হবে)। এরপর প্রতিবেশীর জন্য (শুফ্‘আ সাব্যস্ত হবে)।[২]

এই বাক্যের দ্বারা উল্লিখিত প্রত্যেক প্রকারের লোকদের জন্য শুফ্‘আর অধিকার সাব্যস্ত হওয়া প্রতীয়মান হয়। অনুরূপভাবে এর দ্বারা তাদের পর্যায়ক্রমে অধিকারী হওয়াও প্রতীয়মান হয়।

শুফ্‘আ সাব্যস্ত হওয়ার দলীল, রাসূলুল্লাহ (সা) ইরশাদ করেছেন ঃ

اَلشُّفْعَةُ لِشَرِيْكٍ لَمْ يُقَاسَمْ - (مُسْلِم)

শুফ্‘আ এমন অংশীদার ব্যক্তির জন্য সাব্যস্ত হবে, যার অংশ বণ্টন করা হয়নি। (মুসলিম)

---

১. শরী‘আতের পরিভাষায় ক্রেতা যে পরিমাণ মূল্যের বিনিময়ে জমি অথবা বাড়ী ক্রয় করেছে, অংশীদার অথবা প্রতিবেশী হওয়ার ভিত্তিতে সে পরিমাণ মূল্যের বিনিময়ে উক্ত জমি অথবা বাড়ীর মালিক হওয়াকে শুফ্‘আ বলা হয়। হক্কে শুফ্‘আর অধিকারী ব্যক্তিকে শফী‘ (شَفِيْعٌ) বলা হয়।

২. শফী‘ তিন প্রকার। যথা ঃ (১) বিক্রীত মালের মূলে অংশীদার ব্যক্তি (شَرِيْكٌ فِىْ نَفْسِ الْمَبِيْعِ), (২) বিক্রীত মালের হকের মধ্যে অংশীদার ব্যক্তি (شَرِيْكٌ فِىْ حَقِّ الْمَبِيْعِ) ও (৩) প্রতিবেশী (جَارٌ)।

তিনি আরো বলেছেন ঃ

جَارُ الدَّارِ اَحَقُّ بِالدَّارِ وَالْاَرْضِ يُنْتَظَرُ لَهُ وَاِنْ كَانَ غَائِبًا اِذَا كَانَ طَرِيْقُهُمَا وَاحِدًا (ترمذى)

বাড়ীর প্রতিবেশী বাড়ী ও জমির অধিক হকদার। তার জন্য প্রতীক্ষা করা হবে; যদিও সে অনুপস্থিত থাকে; যদি তাদের উভয়ের রাস্তা এক হয়। (তিরমিযী)

তিনি আরো বলেছেন ঃ

اَلْجَارُ اَحَقُّ بِسَقَبِهٖ قِيْلَ يَارَسُوْلَ اللّٰهِ مَاسَقَبُهُ قَالَ شُفْعَتُهُ وَيُرْوٰى اَلْجَارُ اَحَقُّ بِشُفْعَتِهٖ - (بُخَارِى)

প্রতিবেশী তার সাকাব (سَقَبْ) এর ব্যাপারে অধিক হকদার। জিজ্ঞাসা করা হলো, হে আল্লাহ্‌র রাসূল! প্রতিবেশীর সাকাব কি ? তিনি বললেন ঃ তার শুফ্‌'আ। অপর বর্ণনায় আছে ঃ প্রতিবেশী তার শুফ্‌'আর ব্যাপারে অধিক হকদার। (বুখারী)

ইমাম শাফিঈ (র) বলেন ঃ প্রতিবেশীর জন্য কোন শুফ্‌'আ নেই। কেননা, রাসূলুল্লাহ্‌ (সা) বলেছেন ঃ

اَلشُّفْعَةُ فِيْمَا لَمْ يُقْسَمْ فَاِذَا وَقَعَتِ الْحُدُوْدُ وَصُرِفَتِ الطُّرُقُ فَلَا شُفْعَةَ (بُخَارِى)

যে জমি বণ্টন করা হয়নি, তাতে শুফ্‌'আ সাব্যস্ত হয়। কিন্তু যদি সীমা নির্ধারিত হয়ে যায় এবং রাস্তা অন্য দিক দিয়ে ঘুরিয়ে দেওয়া হয়, (অর্থাৎ প্রত্যেক অংশের জন্য আলাদা রাস্তা করে দেয়া হয়), তাহলে শুফ্‌'আ সাব্যস্ত হবে না। (বুখারী) সর্বোপরি হক্কে শুফ্‌'আ কিয়াস (যুক্তি) পরিপন্থী একটি বিষয়। কেননা, শুফ্‌'আর দ্বারা অন্যের মালে তার সম্মতি ব্যতিরেকে মালিকানা অর্জন করা হয়; অথচ শরয়ী বিধান (হাদীস) অ-বণ্টিত সম্পদের ক্ষেত্রে বিবৃত হয়েছে।[১] আর প্রতিবেশী এই অর্থ (হাদীস-বিবৃত ক্ষেত্র)-এর অন্তর্ভুক্ত নয়। কেননা, মূল কথা এই যে, যে সম্পত্তি বণ্টন করা হয়নি, তাতে বণ্টনের ব্যয় নির্বাহ করতে হয়। পক্ষান্তরে ফরা' তথা বণ্টনকৃত সম্পত্তিতে এ ব্যয় নির্বাহ করার জটিলতা দেখা দেয় না। (সুতরাং প্রতিবেশী হক্কে শুফ্‌'আর অধিকারী হবে না)।

আর আমাদের (হানাফীগণের) দলীল হলো, রাসূলুল্লাহ্‌ (সা)-এর হাদীস, যা আমরা ইতিপূর্বে উল্লেখ করেছি। এছাড়া যৌক্তিক প্রমাণ, প্রতিবেশীর মালিকানা ক্রেতার মালিকানার সাথে চিরস্থায়ীভাবে সংযুক্ত থাকে। কাজেই আর্থিক বিনিময় পাওয়া গেলে প্রতিবেশীর জন্য হক্কে শুফ্‌'আ সাব্যস্ত হবে; হাদীস-বিবৃত ক্ষেত্রের উপর কিয়াস অনুপাতে।[২] উক্ত হুকুম এজন্য যে, এ জাতীয় সংযুক্তি প্রতিবেশীর ক্ষতিকে

১. কাজেই যে সম্পত্তি এখনো বণ্টন করা হয়নি, তাতেই হক্কে শুফ্‌'আ সাব্যস্ত হবে। কেননা উসূলে ফিক্‌হ এর সর্বজন স্বীকৃত নীতি হলো, কোন বিধান কিয়াস পরিপন্থী কোন নস (কুরআন বা সুন্নাহ) দ্বারা সাব্যস্ত হলে তা ঐ ক্ষেত্র পর্যন্তই সীমাবদ্ধ থাকে।

২. اَلْجَارُ اَحَقُّ بِشُفْعَتِهٖ—প্রতিবেশী তার শুফ্‌'আর ব্যাপারে অধিক হকদার।

প্রতিহত করার জন্য শরী'আতে শুফ্‌'আর অধিকারী হওয়ার কারণ হিসাবে পরিগণিত হওয়া বাঞ্ছনীয়। কেননা, জানা মতে এটিই সমস্ত অনিষ্টের মূল। কাজেই শুফ্‌'আর দাবীকৃত সম্পত্তিতে (শফী'র) মালিকানা সাব্যস্ত করে এই ক্ষতির জড় উৎপাটিত করে দেওয়াই উত্তম। কেননা, শফী'কে তার পিতৃপুরুষের অংশ থেকে উচ্ছেদ করলে তার মারাত্মক ক্ষতি হবে। বস্তুত বণ্টনের ক্ষতি (বা ব্যয়ভার) শরী'আত কর্তৃক স্বীকৃত ও সমর্থিত। এটি শফী' ভিন্ন অপর ব্যক্তির ক্ষেত্রে ক্ষতির কারণ হিসাবে গণ্য হতে পারে না।[১]

আর ধারাবাহিকতা (অর্থাৎ উল্লেখিত তিন প্রকারের লোকদের পর্যায়ক্রমে শুফ্‌'আর অধিকারী হওয়া) রাসূলুল্লাহ্‌ (সা) এর হাদীস দ্বারা প্রমাণিত। তিনি ইরশাদ করেন ঃ

اَلشَّرِيْكُ اَحَقُّ مِنَ الْخَلِيْطِ وَالْخَلِيْطُ اَحَقُّ مِنَ الشَّفِيْعِ ٠

শরীক ব্যক্তি খলীত ব্যক্তি অপেক্ষা অধিক হকদার। আর খলীত ব্যক্তি শফী' অপেক্ষা অধিক হকদার।[২]

উক্ত হাদীসে শরীক বলতে মূল সম্পত্তিতে অংশীদার ব্যক্তিকে বুঝানো হয়েছে, খলীত বলতে বিক্রীত সম্পত্তির হকের মধ্যে অংশীদার ব্যক্তিকে বুঝানো হয়েছে। আর শফী' বলতে প্রতিবেশীকে বুঝানো হয়েছে। তাছাড়া বিক্রীত সম্পত্তির মূলে অংশীদারিত্বের কারণে যে সংযুক্তি রয়েছে; তা সর্বাধিক শক্তিশালী। কেননা, এই সংযুক্তি বিক্রীত বস্তুর প্রতিটি অংশে বিদ্যমান। এরপর বিক্রীত সম্পত্তির হকের মধ্যে অংশীদারীত্বের ভিত্তিতে যে সংযুক্তি থাকবে; তাকে অগ্রাধিকার দেওয়া হবে। কেননা, এই সংযুক্তি মালিকানা উপভোগে অংশীদারিত্বের ভিত্তিতে হয়ে থাকে। আর হুকমের কারণ শক্তিশালী হওয়ার ভিত্তিতেই মূলত: অগ্রাধিকার সাব্যস্ত হয়। স্মর্তব্য যে, বণ্টনের কষ্ট ও ব্যয় নির্বাহ যদিও শুফ্‌'আ লাভের কারণ হতে পারে না; কিন্তু তা অগ্রাধিকার দেওয়ার কারণ হতে পারে।

**ইমাম কুদূরী (র) বলেন ঃ যে ব্যক্তি বিক্রীত সম্পত্তির মূলে অংশীদার, তার বর্তমানে রাস্তায় ও পানির নালায় অংশীদার ব্যক্তি প্রতিবেশীর জন্য শুফ্‌'আ সাব্যস্ত হবে না;**

এর কারণ আমরা পূর্বেই উল্লেখ করেছি। কেননা, সে অগ্রগণ্য।

**গ্রন্থকার বলেন ঃ যে ব্যক্তি বিক্রীত সম্পত্তির মূলে অংশীদার, সে যদি তার অধিকার ত্যাগ করে, তবে রাস্তার মধ্যে শরীক ব্যক্তির জন্য শুফ্‌'আ সাব্যস্ত হবে। যদি সে-ও তার অধিকার ত্যাগ করে; তবে প্রতিবেশী শুফ্‌'আ গ্রহণ করবে।**

---

১. কাজেই বণ্টনের ক্ষতি, কষ্ট ও ব্যয় নির্বাহ শুফ্‌'আর অধিকারী হওয়ার কারণ হতে পারে না।

২. উপরোক্ত হাদীস সম্পর্কে হাদীস বিশ্লেষণকারীদের কেউ কেউ আপত্তি করেছেন। বস্তুত এটি একটি মুরসাল (مُرْسَلْ) রিওয়ায়েত। আর হাদীস বিশারদগণের মূলনীতি وَمَرَاسِيْلُ الثِّقَاتِ حُجَّةٌ عِنْدَنَا–অনুসারে এটি দলীল হিসাবে গ্রহণযোগ্য। অধিকন্তু হাদীসটি ভিন্ন শব্দে মুসান্নাফে ইব্‌ন আবী শায়বা এবং মুসান্নাফে আবদুর রায্‌যাকেও বর্ণিত আছে।